

ইসরায়েলের সাধারণ লেবানীজদের হত্যাঃ একটি মানবিক আবেদন

আব্দুর রহমান আবিদ

আমি সাধারণত একটু দেরীতে অফিসে আসি। আজ অফিসে পৌঁছে ইমেইল খুলতেই আমার ম্যানেজারের ফরোয়ার্ড করা একটা মেইল পেলাম। আমাদের অফিসের Drainage Group—এ আমরা ১৫ জন Water Resources Engineer কাজ করি। আমার ম্যানেজার হলেন আমাদের Drainage Group—এর Head। ভদ্রলোক লেবানীজ। খ্রীষ্টান। উনি ছাড়া আমাদের গ্রুপে আরও একজন লেবানীজ আছেন; তিনিও খ্রীষ্টান। যে কোন কারনেই হোক, অফিসের সম্পর্কের বাইরে এই দুই লেবানীজের সাথে আমার বাড়তি একটু ঘনিষ্ঠতা রয়েছে। কারণটা সম্ভবতঃ এদেশে (আমেরিকাতে) আমরা তিনজনই মাইনরিটি (minority)। তাছাড়া নাইন-ইলেভেন'এর পর খ্রীষ্টান হওয়া সত্ত্বেও শুধুমাত্র আরব হওয়ার কারণে এবং মুসলমানদের মত নাম হওয়ার কারণে তাদেরকেও এদেশে কম বামেলা পোহাতে হয়নি। সম্ভবতঃ সে কারনেই একই পথের পথিক হিসেবে আমাদের এই ঘনিষ্ঠতা। এখানে উল্লেখ্য যে, আমি মাঝে-মাঝে যে টুকটাক লেখালেখি করি, তা এঁরা জানেন এবং আমার লেখা দু'চারটে ইংরেজী আর্টিকল ইতিমধ্যে তারা পড়েছেনও।

ইমেইলে ম্যানেজার আমাকে একটা ওয়েব লিংক ফরোয়ার্ড করেছেন যা কোন এক হান্নাকে (Hanna) তিনি লিখেছেন। তার উদ্দেশ্য, আমি নিজে যেন প্রতিবেদনটা পড়ি এবং আমার পরিচিতজনদের কাছে লিংকটা ফরোয়ার্ড করি।

এটা একটা মানবিক আবেদন। পৃথিবীর মানুষের কাছে একজন মানুষের, একজন সাধারণ লেবানীজের আবেদন। ধর্মীয় পরিচয়ের উপরে উঠে এই আহ্বানে সাড়া দেয়া প্রতিটা বিবেকবান মানুষের দায়িত্ব।

**সতর্কীকরণঃ প্রতিবেদনটাতে প্রকাশিত কিছু কিছু ছবি খানিকটা বিভৎস এবং সব পাঠকদের জন্যে প্রযোজ্য নাও হতে পারে।
নোটঃ সংগত কারনেই আমার ম্যানেজারের পাঠানো ইমেইলের অংশবিশেষ grayed করে দেয়া হয়েছে।**

From: [Redacted]
Sent: Thursday, July 20, 2006 8:56 AM
To: 'hanna hanna'
Subject: FW: the war is over

Hi Hanna

Please visit this website and send the pictures to every person and media you can reach:

<http://fromisraeltolebanon.info>

[Redacted] P.E.

Project Manager
& Associate

[Redacted]
Engineers & Planner
Since 194

[Redacted]
Mt. Laurel, NJ 08054

Phone [Redacted]
Fax: (856) 795-0819

email: [Redacted]

ওয়েব লিংক